

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

শ্রেণি : নবম

বিষয় : ভূগোল ও পরিবেশ (সৃজনশীল)

সময়-২ঘন্টা ৩০মিনিট

পূর্ণমান-৭০

[বি.দ্র.-সৃজনশীল ১১টি প্রশ্নের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়। পর্যবেক্ষণ কর এবং যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান সমান এবং ডান পার্শ্বস্থ পূর্ণমান জ্ঞাপক।]

১। বাংলাদেশের একটি প্রতিনিধি দল ফ্রান্সে একটি সেমিনারে অংশগ্রহণ করেন, যা ছিল পরিবেশ সংরক্ষণ বিষয়ক সেমিনার। সেখানে বাংলাদেশের সেলিনা জাহান বলেন, প্রাকৃতিক পরিবেশ মানুষের জীবনযাত্রাকে প্রভাবিত করে। এজন্য মানুষ ও পরিবেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান।

- ক) ভৌত পরিবেশ কাকে বলে? ১
- খ) 'Geography' বলতে কী বোঝায়? ২
- গ) উদ্দীপকে আলোচিত সম্পর্কটি ব্যাখ্যা কর। ৩
- ঘ) সেলিনা জাহানের বক্তব্যটি যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২।


ক-বিভাগ	খ-বিভাগ
কৃষিকাজ, শিল্প, খনি, ব্যবসায়, বাণিজ্যের বিবর্তন	পশুপালন, বনজসম্পদ, খনিজসম্পদ সংগ্রহ

- ক) জীব কী? ১
- খ) প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ বলতে কী বোঝায়? ২
- গ) 'খ' বিভাগের উপাদানগুলো কোন পরিবেশের আওতাভুক্ত? বিবরণ দাও। ৩
- ঘ) 'ক' বিভাগ ও 'খ' বিভাগের উপাদান সম্পর্কিত পরিবেশের তুলনামূলক আলোচনা কর। ৪

৩। রতন গ্রামের একজন অশিক্ষিত গরিব কৃষক। তিনি বর্গাচাষে অধিক ফসল ফলানোর জন্য মাত্রাতিরিক্ত সার প্রয়োগ করেন। ফলে জমির উর্বরা শক্তি হ্রাস পায়। আশানুরূপ কয়লা খনিতে শ্রমিকের কাজ নেন।

- ক) 'পৃথিবী ও এর অধিবাসীদের বর্ণনাই হলো ভূগোল'-সংজ্ঞাটি কোন ভূগোলবিদের? ১
- খ) জীব উপাদান বলতে কী বোঝায়? ২
- গ) ভূগোলের কোন উপশাখা সম্পর্কে জ্ঞান থাকলে রতন আশানুরূপ ফল পেত? ব্যাখ্যা কর। ৩
- ঘ) রতন কাজগুলো ভূগোলের কোন উপশাখার বিষয়বস্তু-আলোচনা কর। ৪

৪।



- ক) সূর্যের নিকটতম নক্ষত্রের নাম কী? ১
- খ) পৃথিবী ও নক্ষত্রের মধ্যে দূরত্ব মাপতে আলোকবর্ষ ব্যবহার করা হয় কেন? ২
- গ) চিত্রে প্রদর্শিত A-এর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ) চিত্রে প্রদর্শিত 'B' ও 'C' এর বৈশিষ্ট্যগত মিল ও অমিলগুলো বিশ্লেষণ কর। ৪


৫।

অবস্থান	সময়	সূর্য লম্বভাবে কিরণ দেয়
ক	২১ জুন	কর্কটক্রান্তি রেখা
খ	২২ ডিসেম্বর	মকরক্রান্তি রেখা
গ	২১ মার্চ, ২৩ সেপ্টেম্বর	নিরক্ষ রেখা

- ক) কোন গ্রহের উপগ্রহ সংখ্যা সবচেয়ে বেশি? ১
- খ) কৃত্রিম উপগ্রহ কী? ব্যাখ্যা কর। ২
- গ) 'ক' ও 'খ' অবস্থানে পৃথিবীর উত্তর গোলার্ধে দিবারাত্রির দৈর্ঘ্য কীরূপ হবে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'গ' অবস্থানে পৃথিবীর উভয় গোলার্ধে কী ধরনের ঋতু বিরাজ করবে তা বিশ্লেষণ কর। ৪
- ৬। কায়সার সন্ধ্যার আকাশে একটি তারা জ্বল জ্বল করতে দেখল। সে নানুর কাছে জানতে পারল এটি তারা নয়। এটি একটি গ্রহ। নানু আরো বললেন, পৃথিবীর পরের কক্ষ পথেই আরও একটি গ্রহ রয়েছে। যেখানে পানি থাকা সত্ত্বেও প্রাণীর বসবাস সম্ভব হয় না।
- ক) গ্রহ কাকে বলে? ১
- খ) উল্কা পতনের কারণ ব্যাখ্যা কর। ২
- গ) কায়সারের দেখা গ্রহটির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
- ঘ) “কোন কোন বৈশিষ্ট্য থাকলে উদ্দীপকের দ্বিতীয় গ্রহটিতে বসবাস সম্ভব” যুক্তি সহকারে মতামত ব্যক্ত কর। ৪
- ৭। বার্ষিক পরীক্ষার পর আদীব তার মামার সাথে বাণিজ্য মেলায় বেড়াতে যায়। মামা এ দোকানে সে দোকানে ঘুরে জিপসামের তৈরি সুন্দর শো-পিচ কিনে। আদীব তার ছোট ভাইয়ের জন্য কিনে মার্বেল ও স্লেট।
- ক) আন্দিজ কোন ধরনের পর্বত। ১
- খ) মহাদেশীয় মালভূমির বর্ণনা দাও। ২
- গ) আদীবের ক্রয়কৃত দ্রব্য কোন ধরনের শিলা এবং এর গঠন প্রক্রিয়া বর্ণনা কর। ৩
- ঘ) আদীবের মামার কেনা শো-পিচ যে ধরনের শিলায় গঠিত তার অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
- ৮। তমা তার বাবা-মায়ের সাথে চীনে বেড়াতে গিয়ে একধরনের ভূমিরূপ দেখতে পায় যা সমুদ্র সমতল থেকে অনেক উপরে এবং চারপাশে পর্বতবেষ্টিত। তার বাবা বলল, এটি ছাড়াও সাগর বেষ্টিত স্থানে এবং পর্বতের পাদদেশে এ ধরনের ভূমিরূপ দেখা যায়।
- ক) করতোয়া কোন নদীর উপনদী? ১
- খ) মালভূমি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
- গ) তমার দেখা ভূমিরূপটি কোন ধরনের ভূমিরূপের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে তমার বাবার বর্ণনাকৃত ভূমিরূপ কি একই ধরনের? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৯। নৌপথে নাদের বনভোজনে যাচ্ছিল। মাঝপথে হঠাৎ লঞ্চ থেমে গেলে তার এ বিষয়ে জানার আগ্রহ হলো। পরে সে জানল, নদী ও জলাশয় ভরাটই এর মূল কারণ। এটি একটি মারাত্মক সমস্যা।

- ক) পদ্মা নদীর উৎপত্তিস্থল কোথায়? ১
- খ) সাস্তু নদী সম্পর্কে ব্যাখ্যা দাও। ২
- গ) উদ্দীপকে বর্ণিত সমস্যার কারণগুলো ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে উল্লিখিত সমস্যা কীভাবে প্রতিরোধ করা যায় বলে তুমি মনে কর? মতামত দাও। ৪



- ক) বাংলাদেশে নদীর সংখ্যা কত? ১
- খ) মানচিত্রের 'ক' চিহ্নিত ভূমিরূপটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ) উত্তরপত্রের একটি পূর্ণপৃষ্ঠা ব্যবহার করে অনুরূপ মানচিত্র অঙ্কন করে প্রধান তিনটি নদীর গতিপথ চিহ্নিত কর। ৩
- ঘ) মানচিত্রে 'খ' ও 'গ' চিহ্নিত ভূমিরূপ দুটি যে প্রকৃতির অন্তর্ভুক্ত তার বিবরণ দাও। ৪
- ১১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

## ইউনিট-১

আমদানি বাণিজ্য ইলেকট্রনিক্স সামগ্রী

## ইউনিট-২

রপ্তানি বাণিজ্য কাচামাল

- ক) সাধারণত আকার অনুসারে শিল্প কত প্রকার? ১
- খ) ক্ষুদ্র শিল্প কী? ২
- গ) বাংলাদেশের আলোকে ইউনিট-১ এর বর্ণনা দাও। ৩
- ঘ) উন্নয়নের সাথে ইউনিট-১ ও ইউনিট-২ এর সম্পর্ক মূল্যায়ন কর। ৪